# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৮. যে ব্যক্তি ভুল হবার আশঙ্কায় ফতওয়া দেয়াকে ভয় পায়

بَابُ مَنْ هَابَ الْفُتْيَا مَخَافَةَ السَّقَطِ

আরবী

أَخْبَرَنَا أَبُو النُّعْمَانِ، حَدَّثَنَا ثَابِتُ بْنُ يَزِيدَ، حَدَّثَنَا عَاصِمٌ، قَالَ: سَأَلْتُ الشَّعْبِيَّ، عَنْ حَدِيثٍ فَحَدَّثَنِيهِ، فَقُلْتُ: إِنَّهُ يُرْفَعُ إِلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ. فَقَالَ: لَا عَلَى مَنْ دُونَ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحَبُّ إِلَيْنَا فَإِنْ كَانَ فِيهِ زِيَادَةٌ أَوْ نُقْصَانٌ، كَانَ عَلَى مَنْ دُونَ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ

إسناده صحيح إلى الشعبي

বাংলা

২৭৪. আসিম হতে বর্ণিত, তিনি বলেন: আমি শা’বী রাহিমাহুল্লাহকে একটি হাদীস সম্পর্কে জিজ্ঞেস করলাম, যা তিনি আমার নিকট বর্ণনা করেছিলেন। আমি বললাম: এটিকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পর্যন্ত পৌঁছানো হয়ে থাকে। তখন তিনি বললেন, না, বরং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ব্যতীত অন্য কোনো ব্যক্তির উপর (এ হাদীসটি) আরোপ করা আমাদের নিকট অধিক পছন্দনীয়। কেননা, যদি এতে কোনো অতিরিক্ত সংযোজন কিংবা বিয়োজন থাকে, তবে তা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ব্যতীত অপর কারোর উপর আরোপ করাই শ্রেয়।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: শা’বী পর্যন্ত এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা, আল মুছান্নাফ ৮/৭৫৪ নং ৬২৭৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69585

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন